# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

তিনটি অছিয়ত (الوصايا الثلاثة)

অতঃপর আল্লাহর রাসূল (ছাঃ) সবাইকে তিনটি অছিয়ত করেন।-

(১) ইহূদী, নাছারা ও মুশরিকদের আরব উপদ্বীপ থেকে বের করে দিয়ো।

(২) প্রতিনিধিদলের সম্মান ও আপ্যায়ন অনুরূপভাবে করো, যেভাবে আমি করতাম।[1]

(৩) তৃতীয় অছিয়তটির কথা রাবী সুলায়মান আল-আহওয়ালের বর্ণনায় আসেনি' (বুখারী হা/৩১৬৮)। তবে ছহীহ বুখারীর 'অছিয়ত সমূহ' অধ্যায়ে আব্দুল্লাহ বিন আবু 'আওফা (রাঃ)-এর বর্ণনায় এসেছে যে, সেটি ছিল আল্লাহর কিতাবকে আঁকড়ে ধরো' (বুখারী হা/২৭৪০)।

## ফুটনোট

[1]. বুখারী হা/৩০৫৩; মুসলিম হা/১৬৩৭; মিশকাত হা/৪০৫২, ৪০৫৩, ৫৯৬৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5743

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন